গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
সমাজকল্যাণ মন্ত্রণালয়
১৩২ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০
www.bnswc.gov.bd

নং ৪১.০৩.০০০০.০০০.০৮১.৩২(৯).০৭৯.২৬. ১৪৭৯

তারিখ : ০১ শ্রাবণ ১৪৩৩
১৬ জুলাই ২০২৬

বিষয়: ২০২৬-২০২৭ অর্থবছরের নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংগঠনসমূহে অনুদান প্রদান।

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংগঠনসমূহের অনুকূলে ২০২৬-২০২৭ অর্থবছরের এককালীন আর্থিক অনুদান প্রদানের লক্ষ্যে **'দৈনিক মানব জমিন, দৈনিক আমার দেশ, দৈনিক দিনকাল এবং ডেইলি নিউ এজ'** পত্রিকায় **১৫.০৭.২০২৬** তারিখ রোজ বুধবার বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে (বিজ্ঞপ্তি সংযুক্ত)। **অনুদান প্রদান সম্পর্কিত নিয়মাবলি নিম্নরূপ:**

১. তাঁর জেলার মোট বরাদ্দের পরিমাণ ....২৫,০০,০০০/-...... (....পঁচিশ লক্ষ................) টাকা মাত্র এবং এ বরাদ্দের মধ্যেই সংগঠনের অনুকূলে অনুদান প্রদানের সুপারিশ করতে হবে;

২. অনুদান প্রাপ্তির জন্য আগ্রহী সংগঠনসমূহকে **অনলাইনে আবেদন করতে হবে,** আবেদনের লিংকসহ বিস্তারিত তথ্য নিম্নরূপ:

| ক্র. নং | সংগঠনের ধরন | আবেদন ফি | যে লিংকে গিয়ে আবেদনকারী অনলাইনে আবেদন করতে পারবেন | কারিগরি সহায়তার জন্য যোগাযোগ |
|---|---|---|---|---|
| ক. | জাতীয় সংগঠনকে অনুদান (বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক জাতীয় সংগঠন হিসেবে স্বীকৃতিপ্রাপ্ত) | ৫০০/-(পাঁচশত) টাকা (অনলাইন পেমেন্ট) | http://114.130.119.224/portal/jatio-porjaye | ০১৭৭৯-৮৯২৮৭২<br>০১৯৬৬-২৪৯২২৫<br>০১৬৮৬-৭৬১৯১৭ |
| খ. | স্বেচ্ছাসেবী সংগঠনকে অনুদান (সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত) | ১০০/-(একশত) টাকা (অনলাইন পেমেন্ট) | http://114.130.119.224/portal/voluntary-social-welfare-institutions | |
| গ. | রোগীকল্যাণ সমিতিকে অনুদান | ১০০/-(একশত) টাকা (অনলাইন পেমেন্ট) | http://114.130.119.224/portal/rugikollan | |
| ঘ. | সমন্বয় পরিষদ (ইউসিডি) কে অনুদান | ১০০/-(একশত) টাকা (অনলাইন পেমেন্ট) | http://114.130.119.224/portal/ucd | |
| ঙ. | অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতিকে অনুদান | ১০০/-(একশত) টাকা (অনলাইন পেমেন্ট) | http://114.130.119.224/portal/oporadhi | |

৩. বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের ওয়েবসাইটে (**www.bnswc.gov.bd**) প্রবেশ করে নির্ধারিত ফরম্যাট এ সকল তথ্য পূরণ এবং আবেদন ফি অনলাইনের পরিশোধপূর্বক আবেদন চূড়ান্তভাবে দাখিল করতে হবে।

৪. অনলাইনে স্বেচ্ছাসেবী সংগঠন আবেদনের সময়সীমা এবং উপজেলা ও জেলা সমাজকল্যাণ কমিটি থেকে পরিষদ কার্যালয় অনলাইনে আবেদন প্রেরণের সময়সীমা :

| | | |
|---|---|---|
| ১. | স্বেচ্ছাসেবী সংগঠনের অনলাইন আবেদনের শেষ সময় | ৩১ আগস্ট, ২০২৬ |
| ২. | উপজেলা সমাজকল্যাণ কমিটি কর্তৃক যাচাই-বাছাইকৃত আবেদন অনলাইনে জেলা সমাজকল্যাণ কমিটির নিকট প্রেরণ | ৩০ সেপ্টেম্বর, ২০২৬ |
| ৩. | জেলা সমাজকল্যাণ কমিটি কর্তৃক সুপারিশকৃত আবেদন পরিষদ কার্যলয়ে প্রেরণ | ৩০ অক্টোবর, ২০২৬ |

৫. সংশ্লিষ্ট সংগঠনসমূহকে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে আবেদন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। অনলাইনে আবেদন ব্যতীত কোন আবেদন গ্রহনযোগ্য হবে না।

সংযুক্ত: বর্ণনামতে ০৩ (তিন) পাতা

শামীমা ফেরদৌস
নির্বাহী সচিব(যুগ্মসচিব)
ফোন: +৮৮০২-৪১০৩৩৪৪৮
ইমেইল: bnswcbd@gmail.com

জেলা প্রশাসক ও
সভাপতি, জেলা সমাজকল্যান কমিটি,
ব্রাহ্মণবাড়িয়া

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ (মাননীয় মান্ত্রীর সদয় জ্ঞাতার্থে)
৩. মাননীয় প্রতিমন্ত্রী একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ (মাননীয় প্রতিমন্ত্রী সদয় জ্ঞাতার্থে)
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)
৫. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ..চট্টগ্রাম..... বিভাগ, ............... [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৬. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় ও সদস্য-সচিব, জেলা সমাজকল্যাণ কমিটি, ব্রাহ্মণবাড়িয়া (নির্ধারিত সময়ে সকল কার্যক্রম সম্পন্নপূর্বক অনলাইনে পূর্ণাঙ্গ আবেদনপত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৭. কম্পিউটার/ডাটা এন্ট্রি অপারেটর, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ (বিজ্ঞপ্তিসহ পত্রটি পরিষদের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৮. অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার


**বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ**

সমাজকল্যাণ মন্ত্রণালয়

১৩২ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০

www.bnswc.gov.bd


নং ৪১.০৩.০০০০.০০০.০৮১.৩২(৯).০৭৯.২৬.১৪৭১

তারিখ : ৩০ আষাঢ় ১৪৩৩ / ১৪ জুলাই ২০২৬

# নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংগঠনসমূহে অনুদানের বিজ্ঞপ্তি

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক ২০২৬-২০২৭ অর্থবছরে নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংগঠনসমূহের অনুকূলে এককালীন আর্থিক অনুদান প্রদানের লক্ষ্যে অনলাইনে আবেদন আহ্বান করা হলো।

## ০১। অনলাইনে আবেদনকারী নিবন্ধিত সমাজকল্যাণ সংগঠনসমূহ :

| ক্র. নং | প্রতিষ্ঠানের ধরন | আবেদন ফি | যে লিংকে গিয়ে আবেদনকারী অনলাইনে আবেদন করতে পারবেন | কারিগরি সহায়তার জন্য যোগাযোগ |
|---|---|---|---|---|
| ১. | জাতীয় সংগঠনকে অনুদান (বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক জাতীয় সংগঠন হিসেবে স্বীকৃতিপ্রাপ্ত) | ৫০০/-(পাঁচশত) টাকা (অনলাইন পেমেন্ট) | http://114.130.119.224/portal/jatio-porjaye | ০১৭৭৯-৮৯২৮৭২<br>০১৯৬৬-২৪৯২২৫<br>০১৬৮৬-৭৬১৯১৭ |
| ২. | স্বেচ্ছাসেবী সংগঠনকে অনুদান (সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত) | ১০০/-(একশত) টাকা (অনলাইন পেমেন্ট) | http://114.130.119.224/portal/voluntary-social-welfare-institutions | |
| ৩. | রোগীকল্যাণ সমিতিকে অনুদান | ১০০/-(একশত) টাকা (অনলাইন পেমেন্ট) | http://114.130.119.224/portal/rugikollan | |
| ৪. | সমন্বয় পরিষদ (ইউসিডি) কে অনুদান | ১০০/-(একশত) টাকা (অনলাইন পেমেন্ট) | http://114.130.119.224/portal/ucd | |
| ৫. | অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতিকে অনুদান | ১০০/-(একশত) টাকা (অনলাইন পেমেন্ট) | http://114.130.119.224/portal/oporadhi | |

## ০২। অনলাইনে আবেদন করার যোগ্যতা :

ক. সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত হতে হবে;
খ. অডিট ফার্ম কর্তৃক আয় ও ব্যয়ের নিরীক্ষা থাকতে হবে;
গ. চলমান ও বাস্তবায়িত কর্মসূচির সংক্ষিপ্ত বিবরণ থাকতে হবে;
ঘ. হালনাগাদ গঠনতন্ত্র থাকতে হবে;
ঙ. বাৎসরিক আর্থিক প্রতিবেদন/বাজেট বিবরণী থাকতে হবে;
চ. এখতিয়ারভুক্ত এলাকায় ভাড়া বা স্থায়ী কার্যালয় থাকতে হবে;
ছ. নিবন্ধন প্রাপ্তির পর কমপক্ষে একবছর কার্যক্রম পরিচালিত হতে হবে; এবং
জ. জাতীয় পর্যায়ের সংগঠন হিসেবে স্বীকৃতির অনুলিপি থাকতে হবে (জাতীয় পর্যায়ের সংগঠনের ক্ষেত্রে প্রযোজ্য)।

## ০৩। অনলাইনে আবেদনের শেষ তারিখ : ৩১ আগস্ট, ২০২৬

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের ওয়েবসাইটে **(www.bnswc.gov.bd)** প্রবেশ করে নির্ধারিত ফরম্যাট এ সকল তথ্য পূরণ এবং আবেদন ফি অনলাইনের পরিশোধপূর্বক আবেদন চূড়ান্তভাবে দাখিল করতে হবে। উল্লেখ্য, অনলাইনে পেমেন্ট ব্যতীত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।


**শামীমা ফেরদৌস**
নির্বাহী সচিব (যুগ্ম সচিব)
ফোন: +৮৮০২-৪১০৩৩৪৪৮
ইমেইল: bnswcbd@gmail.com



ডিজি-৬১২/২৬ (৮"X৩)


দৈনিক আমার দেশ
১৫ জুলাই, ২০২৬